বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ডাকবাক্স নং ৩২৫
ঢাকা
বাংলাদেশ
www.bangladeshbank.org.bd

কৃষি ঋণ বিভাগ
(পলিসি শাখা)

এসিডি সার্কুলার নং : ১২

তারিখ : ০৯ জুন, ২০১০ / ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৭

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**লীড ব্যাংক পদ্ধতির আওতায় জেলা কৃষি ঋণ কমিটির সভায়**
**বেসরকারী ও বিদেশী ব্যাংকসমূহের প্রতিনিধিত্ব প্রসঙ্গে।**

মাঠ পর্যায়ে কৃষি/পল্লী ঋণ কার্যক্রমের সফল বাস্তবায়ন ও সমন্বয়ের উদ্দেশ্যে লীড ব্যাংক পদ্ধতির আওতায় জেলা কৃষি ঋণ কমিটি কার্যকর ভূমিকা পালন করে আসছে। এ পদ্ধতির আওতায় কোন্ ইউনিয়নে কোন্ রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক বা বিশেষায়িত ব্যাংক শাখা কৃষি ঋণ বিতরণ করবে তা নির্দিষ্ট করে দেয়া আছে। পাশাপাশি স্থানীয় পর্যায়ে কৃষি/পল্লী ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম তদারকী এবং সমন্বয়ের উদ্দেশ্যে স্থানীয় প্রশাসনের সহায়তায় রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহ এবং কৃষির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে কৃষি ঋণ কমিটি গঠন ও সভা অনুষ্ঠানের মাধ্যমে একটি কার্যকর ব্যবস্থাও এই পদ্ধতির আওতায় চালু আছে। প্রত্যেক জেলার জেলা প্রশাসক হচ্ছেন সংশ্লিষ্ট জেলার কৃষি ঋণ কমিটির সভাপতি এবং প্রত্যেক জেলায় সুনির্দিষ্ট একটি ব্যাংক লীড ব্যাংক হিসাবে স্ব স্ব জেলার কৃষি ঋণ কমিটির সাচিবিক দায়িত্ব পালন করে থাকে। জেলা কৃষি ঋণ কমিটি মাসিক ভিত্তিতে সভা অনুষ্ঠানের মাধ্যমে স্ব-স্ব জেলার কৃষি/পল্লী ঋণ সংক্রান্ত তদারকী এবং সমন্বয়ের কার্যক্রম পরিচালনা করে থাকে।

বর্তমানে বেসরকারী ও বিদেশী ব্যাংকসহ বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংকের জন্য কৃষি/পল্লী ঋণ বিতরণ বাধ্যতামূলক হওয়ায় লীড ব্যাংক পদ্ধতির আওতায় যে ইউনিয়ন যে ব্যাংক শাখার অনুকূলে বরাদ্দকৃত সেই ব্যাংক শাখা হতে অনাপত্তিপত্র নিয়ে উক্ত এলাকায় বেসরকারী ও বিদেশী ব্যাংকসমূহের কৃষি/পল্লী ঋণ বিতরণের সুযোগ রয়েছে এবং তারা বিতরণও করছে।

জেলা পর্যায়ে বেসরকারী ব্যাংকসমূহের অনেকের শাখা থাকলেও অনেক বেসরকারী ব্যাংকের অনেক জেলাতে শাখা নেই। বিদেশী ব্যাংকসমূহের শাখা নেটওয়ার্ক আরও সীমিত। বর্তমানে বেসরকারী ও বিদেশী ব্যাংকসমূহ তাদের শাখার মাধ্যমে এবং/অথবা মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির অনুমোদনপ্রাপ্ত ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান (MFIs) সমূহের সাথে পার্টনারশিপের মাধ্যমে কৃষি/পল্লী ঋণ বিতরণ করছে। আগামীতে কৃষি/পল্লী ঋণ বিতরণ কার্যক্রমে বেসরকারী ও বিদেশী ব্যাংকসমূহের অংশগ্রহণের ব্যাপ্তি আরও বাড়বে বলে ধারণা করা যায়।

সকল ব্যাংকের অংশগ্রহণে কৃষি ঋণ কার্যক্রম পরিচালিত হওয়ার বর্তমান প্রেক্ষাপটে কৃষি ঋণ কার্যক্রমকে আরও সমন্বিত ও কার্যকর করার লক্ষ্যে জেলা কৃষি ঋণ কমিটিতে রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহের পাশাপাশি বেসরকারী ও বিদেশী ব্যাংকমূহের প্রতিনিধিত্ব থাকা প্রয়োজন।

(পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য)

(পূর্ববর্তী পৃষ্ঠার পর)

এমতাবস্থায়, লীড ব্যাংক পদ্ধতির লক্ষ্য, উদ্দেশ্য এবং বিদ্যমান কাঠামোর অন্যান্য সকল দিক অপরিবর্তিত রেখে জেলা কৃষি ঋণ কমিটিতে বেসরকারী ও বিদেশী ব্যাংকসমূহের প্রতিনিধিত্বের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যা নিম্নোক্তভাবে কার্যকর হবেঃ-

| | **কোনো জেলায় সংশ্লিষ্ট বেসরকারী ও বিদেশী ব্যাংকের শাখার অবস্থা** | **উক্ত জেলায় সংশ্লিষ্ট বেসরকারী ও বিদেশী ব্যাংকের কৃষি/পল্লী ঋণ বিতরণ কার্যক্রমে অংশগ্রহণের অবস্থা** | **উক্ত জেলার কৃষি ঋণ কমিটিতে সংশ্লিষ্ট বেসরকারী ও বিদেশী ব্যাংকের প্রতিনিধিত্ব** |
|---|---|---|---|
| ক | সংশ্লিষ্ট জেলায় যে ব্যাংকের শাখা রয়েছে | সংশ্লিষ্ট জেলায় শুধুমাত্র নিজস্ব শাখার মাধ্যমে কৃষি/পল্লী ঋণ কার্যক্রম পরিচালনা করা হয়। | সংশ্লিষ্ট জেলায় ব্যাংকের শাখা/জোনের প্রধান উক্ত জেলার ‘জেলা কৃষি ঋণ কমিটি’তে প্রতিনিধিত্ব করবেন। |
| | | নিজস্ব শাখার পাশাপাশি ব্যাংকটির উদ্যোগে Credit Wholesaling এর আওতায় ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান (MFIs)এর সাথে পার্টনারশিপের মাধ্যমেও সংশ্লিষ্ট জেলায় কৃষি/পল্লী ঋণ বিতরণ করা হয়। | সংশ্লিষ্ট জেলায় ব্যাংকের শাখা/জোনের প্রধান নিজস্ব শাখা/জোনের পাশাপাশি উক্ত জেলায় MFIs পার্টনারশিপ সংশ্লিষ্ট কৃষি/পল্লী ঋণের তথ্যসহ ‘জেলা কৃষি ঋণ কমিটি’তে প্রতিনিধিত্ব করবেন। |
| | | নিজস্ব শাখার মাধ্যমে সংশ্লিষ্ট জেলায় কৃষি/পল্লী ঋণ বিতরণ করা হয় না তবে, ব্যাংকটির উদ্যোগে Credit Wholesaling এর আওতায় ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান (MFIs)-এর সাথে পার্টনারশিপের মাধ্যমে সংশ্লিষ্ট জেলায় কৃষি/পল্লী ঋণ বিতরণ করা হয়। | সংশ্লিষ্ট জেলায় ব্যাংকের শাখা/জোনের প্রধান উক্ত জেলায় MFIs পার্টনারশিপ সংশ্লিষ্ট কৃষি/পল্লী ঋণের তথ্যসহ ‘জেলা কৃষি ঋণ কমিটি’তে প্রতিনিধিত্ব করবেন। |
| খ | সংশ্লিষ্ট জেলায় যে ব্যাংকের কোনো শাখা নেই | সংশ্লিষ্ট জেলায় নিজস্ব শাখা না থাকলেও ব্যাংকটির উদ্যোগে Credit Wholesaling এর আওতায় ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান (MFIs)-এর সাথে পার্টনারশিপের মাধ্যমে সংশ্লিষ্ট জেলায় কৃষি/পল্লী ঋণ বিতরণ করা হয়। | ব্যাংক কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান (MFIs)-এর স্থানীয় সমন্বয়কারী ব্যাংকটির পক্ষে ‘জেলা কৃষি ঋণ কমিটি’তে প্রতিনিধিত্ব করবেন। |

সংশ্লিষ্ট বেসরকারী ও বিদেশী ব্যাংকসমূহ প্রত্যেক জেলার ‘জেলা কৃষি ঋণ কমিটি’তে তাদের প্রতিনিধিত্ব নিশ্চিতকরণের উদ্দেশ্যে উপরোক্ত নির্দেশনার আলোকে উপযুক্ত প্রতিনিধি মনোনীত করে সংশ্লিষ্ট লীড ব্যাংকসমূহ (জেলাওয়ারী লীড ব্যাংকের তালিকা সংযুক্ত)-কে জানিয়ে তা অত্র বিভাগকে অবহিত করবে।

উপরোক্ত নির্দেশ ২০১০-২০১১ অর্থবছরের শুরু অর্থাৎ ০১ জুলাই ২০১০ তারিখ থেকে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তিস্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি ঃ ০১ (এক)

(এস, এম, মনিরুজ্জামান)
মহাব্যবস্থাপক
ফোন নং-৭১২০৯৪

# জেলা কৃষি ঋণ কমিটির সদস্য সচিবগণের কার্যালয়ের তালিকা

| ক্রম | জেলার নাম | লীড ব্যাংকের নাম | ক্রম | জেলার নাম | লীড ব্যাংকের নাম |
|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য কার্যালয়, ঢাকা | ৩৩ | ঝিনাইদহ | জনতা ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, ঝিনাইদহ |
| ২ | গাজীপুর | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, গাজীপুর | ৩৪ | চুয়াডাঙ্গা | সোনালী ব্যাংক লিঃ<br>প্রিন্সিপাল অফিস, চুয়াডাঙ্গা |
| ৩ | মানিকগঞ্জ | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, মানিকগঞ্জ | ৩৫ | রাজশাহী | জনতা ব্যাংক লিঃ<br>এরিয়া অফিস, রাজশাহী |
| ৪ | মুন্সিগঞ্জ | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, মুন্সিগঞ্জ | ৩৬ | নাটোর | জনতা ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, নাটোর |
| ৫ | নরসিংদী | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, নরসিংদী | ৩৭ | চাঁপাইনবাগনঞ্জ | অগ্রণী ব্যাংক লিঃ<br>জোনাল অফিস, চাঁপাইনবাগনঞ্জ |
| ৬ | নারায়নগঞ্জ | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, নারায়নগঞ্জ | ৩৮ | পাবনা | জনতা ব্যাংক লিঃ<br>এরিয়া অফিস, পাবনা |
| ৭ | ফরিদপুর | অগ্রণী ব্যাংক লিঃ<br>জোনাল অফিস, ফরিদপুর | ৩৯ | কুষ্টিয়া | সোনালী ব্যাংক লিঃ<br>প্রিন্সিপাল অফিস, কুষ্টিয়া |
| ৮ | রাজবাড়ী | সোনালী ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, রাজবাড়ী | ৪০ | মেহেরপুর | সোনালী ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, মেহেরপুর |
| ৯ | গোপালগঞ্জ | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>আঞ্চলিক কার্যালয়, গোপালগঞ্জ | ৪১ | বগুড়া | সোনালী ব্যাংক লিঃ<br>প্রিন্সিপাল অফিস, বগুড়া |
| ১০ | জামালপুর | অগ্রণী ব্যাংক লিঃ<br>জোনাল অফিস, জামালপুর | ৪২ | জয়পুরহাট | সোনালী ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, জয়পুরহাট |
| ১১ | ময়মনসিংহ | অগ্রণী ব্যাংক লিঃ<br>জোনাল অফিস, ময়মনসিংহ | ৪৩ | নওগাঁ | জনতা ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, নওগাঁ |
| ১২ | নেত্রকোনা | সোনালী ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, নেত্রকোনা | ৪৪ | গাইবান্ধা | জনতা ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, গাইবান্ধা |
| ১৩ | শেরপুর | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>আঞ্চলিক কার্যালয়, শেরপুর | ৪৫ | সিরাজগঞ্জ | জনতা ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, সিরাজগঞ্জ |
| ১৪ | কিশোরগঞ্জ | অগ্রণী ব্যাংক লিঃ<br>জোনাল অফিস, কিশোরগঞ্জ | ৪৬ | সিলেট | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, সিলেট |
| ১৫ | কুমিল্লা | সোনালী ব্যাংক লিঃ<br>প্রিন্সিপাল অফিস, কুমিল্লা | ৪৭ | সুনামগঞ্জ | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ |
| ১৬ | চাঁদপুর | সোনালী ব্যাংক লিঃ<br>প্রিন্সিপাল অফিস, চাঁদপুর | ৪৮ | হবিগঞ্জ | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, হবিগঞ্জ |
| ১৭ | ব্রাহ্মনবাড়ীয়া | সোনালী ব্যাংক লিঃ<br>প্রিন্সিপাল অফিস, ব্রাহ্মনবাড়ীয়া | ৪৯ | মৌলভীবাজার | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার |
| ১৮ | টাংগাইল | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাংগাইল | ৫০ | বরিশাল | অগ্রণী ব্যাংক লিঃ<br>জোনাল অফিস, বরিশাল |
| ১৯ | চট্রগ্রাম | অগ্রণী ব্যাংক লিঃ<br>জোনাল অফিস, চট্রগ্রাম | ৫১ | পটুয়াখালী | অগ্রণী ব্যাংক লিঃ<br>জোনাল অফিস, পটুয়াখালী |
| ২০ | খাগড়াছড়ি | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>আঞ্চলিক কার্যালয়, খাগড়াছড়ি | ৫২ | ভোলা | সোনালী ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, ভোলা |
| ২১ | রাঙ্গামাটি | সোনালী ব্যাংক লিঃ<br>প্রিন্সিপাল অফিস, রাঙ্গামাটি | ৫৩ | পিরোজপুর | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য কার্যালয়, পিরোজপুর |
| ২২ | বান্দরবান | সোনালী ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, বান্দরবান | ৫৪ | ঝালকাঠী | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>আঞ্চলিক কার্যালয়, ঝালকাঠী |
| ২৩ | কক্সবাজার | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, কক্সবাজার | ৫৫ | বরগুনা | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>আঞ্চলিক কার্যালয়, বরগুনা |
| ২৪ | নোয়াখালী | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী | ৫৬ | শরিয়তপুর | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>আঞ্চলিক কার্যালয়, শরিয়তপুর |
| ২৫ | লক্ষ্মীপুর | সোনালী ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, লক্ষ্মীপুর | ৫৭ | মাদারীপুর | সোনালী ব্যাংক লিঃ<br>প্রিন্সিপাল অফিস, মাদারীপুর |
| ২৬ | ফেণী | সোনালী ব্যাংক লিঃ<br>প্রিন্সিপাল অফিস, ফেণী | ৫৮ | রংপুর | জনতা ব্যাংক লিঃ<br>ডিভিশনাল অফিস, রংপুর |
| ২৭ | খুলনা | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, খুলনা | ৫৯ | কুড়িগ্রাম | অগ্রণী ব্যাংক লিঃ<br>জোনাল অফিস, কুড়িগ্রাম |
| ২৮ | বাগেরহাট | অগ্রণী ব্যাংক লিঃ<br>জোনাল অফিস, বাগেরহাট | ৬০ | লালমনিরহাট | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক<br>জোনাল অফিস, লালমনিরহাট |
| ২৯ | সাতক্ষীরা | জনতা ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, সাতক্ষীরা | ৬১ | নীলফামারী | সোনালী ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, নীলফামারী |
| ৩০ | যশোর | জনতা ব্যাংক লিঃ<br>এরিয়া অফিস, যশোর | ৬২ | দিনাজপুর | সোনালী ব্যাংক লিঃ<br>প্রিন্সিপাল অফিস, দিনাজপুর |
| ৩১ | নড়াইল | সোনালী ব্যাংক লিঃ<br>রিজিওনাল অফিস, নড়াইল | ৬৩ | ঠাকুরগাঁও | অগ্রণী ব্যাংক লিঃ<br>জোনাল অফিস, ঠাকুরগাঁও |
| ৩২ | মাগুড়া | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>আঞ্চলিক কার্যালয়, মাগুড়া | ৬৪ | পঞ্চগড় | রাজশাহী কৃষি উন্নয়ন্ন ব্যাংক<br>জোনাল অফিস, পঞ্চগড় |